দৈনিক খবর

তারিখ 12 JUN 1993

পৃষ্ঠা ১ কলাম ৮

...রবারে ক ও ... ও ... অংশ ... পাবে ?

# প্রশ্নপত্রে অস্পষ্টতাঃ পরীক্ষকরা কোনটিকে সঠিক ধরবেন

● খবর রিপোর্ট ●

এ বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার 'খ' সেট প্রশ্নের গণিত (আবশ্যক) ৩ নং-এর অথবা অংকের যথাক্রমে (পরের অংশ) $\frac{১}{৩}$ অস্পষ্ট থাকায় $\frac{২}{৩}$ ও বুঝা যায়। অনেক ছাত্র/ ছাত্রীই এই অস্পষ্টতার কারণে দ্বিধাগ্রস্ত হয়ে $\frac{২}{৩}$ ধরে অংকটা করেছে। তদুপরি পাঠ্য বই মাধ্যমিক গণিতের বইয়ে অনুশীলনী ৩·২ অংক নং (২২) বই-এর পৃষ্ঠা নং ৭১তে উক্ত অংক খানা $\frac{২}{৩}$ দিয়ে দেয়া আছে। অনেক ছাত্র/ ছাত্রী বইতে দেয়া মতে অংকটি করেছে। কোন কোন পরীক্ষা কেন্দ্রে অস্পষ্টতার কারণে পরিদর্শকগণ কোন সঠিক সিদ্ধান্ত দিতে না পারায় অনেক ছাত্র/ছাত্রী বইয়ের দেয়া $\frac{২}{৩}$ ধরে করেছে। এমতাবস্থায় যদি $\frac{১}{৩}$ বা

৭-এর পাতা ৭ম কঃ দেখুন

## প্রশ্নপত্রে অস্পষ্টতা

*প্রথম পৃষ্ঠার পর*

$\frac{২}{৩}$ যে কোন একটা ধরে পরীক্ষক নম্বর দেন তা হলে বহু ছাত্র/ ছাত্রী উক্ত অংকের ৬ নম্বর পাওয়া থেকে বঞ্চিত হবে। যদি $\frac{১}{৩}$ ধরে করা হয় ফল হয় ১১৮৯·৪৭৩৬৮৪ আর যদি $\frac{২}{৩}$ ধরে করা হয় ফল হয় ১০০০। এখন প্রশ্ন হচ্ছে পরীক্ষকরা কি করবেন। কার অংকটিকে সঠিক ধরবেন?